



সাংবাদিক পুলকের মৃত্যুর পর ১০ লাখ টাকা বকেয়া পরিশোধ সমকালের



সমকালের বরিশালের সাবেক ব্যুরো প্রধান ও সাংবাদিক পুলক চ্যাটার্জি। ছবি: সংগৃহীত

দৈনিক সমকালের বরিশালের সাবেক ব্যুরো প্রধান ও সাংবাদিক পুলক চ্যাটার্জির পরিবারের কাছে বকেয়া পাওনা বাবদ ১০ লাখ টাকা পরিশোধ করেছে প্রতিষ্ঠানটি।

সোমবার তাঁর স্ত্রী প্রিয়ান্কা চ্যাটার্জির ব্যাংক হিসাবে ওই অর্থ জমা দেওয়া হয়।

বিষয়টি নিশ্চিত করেছেন সমকালের বর্তমান বরিশাল ব্যুরো প্রধান সুমন চৌধুরী।

এর আগে শুক্রবার সন্ধ্যায় বরিশাল নগরের প্যারারা রোডে সমকাল কার্যালয় থেকে ৫৭ বছর বয়সী পুলক চ্যাটার্জির মরদেহ উদ্ধার করে পুলিশ। তিনি দীর্ঘদিন প্রতিষ্ঠানটির বরিশাল ব্যুরো প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। ২০২৩ সালের মে মাসে তাঁকে অব্যাহতি দেওয়ার পর থেকে তিনি বেকার ছিলেন বলে জানিয়েছেন স্বজনরা।

পুলিশ জানায়, পুলকের মরদেহের সঙ্গে কয়েকটি চিরকুট পাওয়া গেছে। এর একটি চিরকুটে সমকাল কার্যালয়ে থাকা তাঁর পাওনা ১০ লাখ টাকা পরিবারের কাছে পৌঁছে দেওয়ার অনুরোধ ছিল। সহকর্মী সুমন চৌধুরীর উদ্দেশ্যে লেখা ওই চিরকুটে অর্থটি পরিবারের কাছে হস্তান্তরের কথাও উল্লেখ করা হয়।

পুলক চ্যাটার্জি বরিশাল প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হিসেবেও দায়িত্ব পালন করেছেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও একমাত্র মেয়ে প্রকৃতিকে রেখে গেছেন।

পুলিশ প্রাথমিকভাবে ঘটনাটিকে আত্মহত্যা বলে ধারণা করছে। তবে চিরকুটের সত্যতা যাচাই ও ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে বলে জানিয়েছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।